প্রকল্পের উদ্দেশ্য (Objectives) :

১. পরিবেশবান্ধব আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে প্রতিযোগিতামূলক হয়ে ওঠার জন্য প্রান্তিক প্রাণিসম্পদ উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং উন্নত বাজারে প্রবেশে সহযোগিতা করা।
২. পরিবেশগত সমস্যাগুলি সমাধান করে এবং স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ দূষণ সম্পর্কে সচেতনতা তৈরি করে টেকসই প্রাণিসম্পদ উদ্যোগ নিশ্চিত করা।
৩. খামার পরিচালনায় আধুনিক প্রযুক্তি চালু করা।
৪. পরিবেশ বান্ধব দুধ এবং দুগ্ধ পণ্য উৎপাদন নিশ্চিত করতে এবং উন্নত বাজারে প্রবেশের জন্য একটি ব্র্যান্ড ইমেজ তৈরি করা।

প্রকল্পের প্রত্যাশিত তাৎক্ষনিক ফলাফল ঃ

১. স্টেক হোল্ডারদের মাঝে সচেতনতা বৃদ্ধি পাবে ও উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের উৎপাদিত পণ্য ইকো লেবেলিং এর মাধ্যমে প্রিমিয়াম মার্কেটে প্রবেশ করবে।
২. প্রকল্পের আওতায় পানি, দূষণ রোধ হবে এবং গাভীর মৃত্যু হ্রাস পাবে ফলে তাদের মাধ্যমে অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি পাবে।
৩.সাধারণ ব্র্যান্ডিং প্রতিষ্ঠার মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসার সুযোগ বৃদ্ধি পাবে
৪. দুগ্ধপণ্য তৈরী কারখানা ও ডেইরী ফার্মে শেডের ড্রেন পরিষ্কার ও নালার উন্নয়ন হবে।
৫. উদ্যোগে সৃষ্ট বর্জ্য ব্যবস্থাপনা পিট তৈরী ও ভার্মি কম্পোস্ট তৈরীর মাধ্যমে গোবর ব্যবস্থাপনার সমাধান হবে এবং ক্ষতিকর রাসায়নিক সার ব্যবহার হ্রাস পাবে ও পরিবেশ উন্নয়ন হবে।

প্রকল্পের প্রত্যাশিত দীর্ঘ মেয়াদী ফলাফল ঃ

১. প্রকল্পের লক্ষ্যভূক্ত ডেইরী বিজনেস ক্লাস্টারে সংশ্লিষ্ট উদ্যোগে কমপক্ষে একটি করে পরিবেশ বান্ধব ও টেকসই অনুশীলন বাস্তবায়ন করবে।
২. উদ্যোক্তা তাদের উদ্যোগে বাস্তবায়নকৃত পরিবেশ বান্ধব টেকসই অনুশীলন চলমান রাখবে।।
৩. দুগ্ধজাত পণ্য ব্রান্ডিং এর মাধ্যমে প্রিমিয়াম বাজারে প্রবেশ করবে ফলে উদ্যোক্তাগনের আয় বৃদ্ধি হবে।
৪. খামার ব্যবস্থাপনার উন্নতির সাথে সামগ্রিক পরিবেশের দৃশ্যমান উন্নতি হবে।
৫. অন্তত ৭০% খামারি পরিবেশের বিষয়গুলি মেনে চলবে।

প্রকল্প কার্যাবলীর অগ্রসরতা (সেপ্টেম্বর-২০২১ পর্যন্ত)

পরিবেশ ক্লাব ঃ প্রকল্প এলাকায় ক্ষুদ্র উদ্যোক্তা (দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী) এবং এলাকার সকল শ্রেণি পেশার মানুষদের নিয়ে পরিবেশ উন্নয়ন ক্লাব গঠন করা হয়। এই ক্লাবের মাধ্যমে এলাকার ডেইরী বিজনেস, নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন কারখানার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের পরিবেশ দূষণরোধে সচেতনতা বৃদ্ধিসহ ক্লাবের সদস্যদের মধ্যে ঐক্য গড়ে তোলা। এছাড়া এলাকার সমসাময়িক বিষয় নিয়ে আলাপ আলোচনাই পরিবেশ ক্লাবের প্রধান লক্ষ্য। প্রকল্প এলাকায় চারটি পরিবেশ ক্লাব গঠন করা হয়েছে।

ক্ষুদ্র উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধি বিষয়ক কর্মশালা ঃ প্রশিক্ষণ, কর্মশালা, এক্সপোজার ভিজিট ইত্যাদির মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি করা হচ্ছে। এর ফলে খামারি ও দুগ্ধজাত পণ্য উৎপাদন উদ্যোক্তাদের মাঝে সচেতনতা বৃদ্ধি পাবে এবং সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে তারা আর্থিকভাবে লাভবান হবে।

গবাদি প্রাণির বর্জ্য ব্যবস্থাপনা ঃ কেঁচো সার উৎপাদনের প্রধান কাঁচামাল হচ্ছে গোবর। ক্ষুদ্র উদ্যোক্তাদের বাণিজ্যিকভাবে কেঁচো সার উৎপাদন কার্যক্রম ইতোমধ্যেই শুরু করা হয়েছে। ফলে এলাকার খামারিদের গবাদি প্রাণির বর্জ্য ব্যবস্থাপনার সমাধান করা সম্ভব হবে এবং কেঁচো সারের বিক্রয় বৃদ্ধি পাবে। ক্ষতিকারক রাসায়নিক সারের ব্যবহার হ্রাস করে জৈব সারের ব্যবহার বৃদ্ধি পাবে। এতে করে গোবর ব্যবস্থাপনা সহজ হবে ও পরিবেশের দৃশ্যমান উন্নতি হবে।



সচেতনতামূলক নোটিশ স্থাপন ঃ সচেতনতা মূলক নোটিশ (সুপেয় খাবার পানি, স্বাস্থ্য ঝুঁকি কমাতে সেফটি সু ব্যবহার করুন, স্বাস্থ্য ঝুঁকি হ্রাস করার জন্য সুরক্ষামূলক হাত মোজা ব্যবহার করুন, প্রাথমিক চিকিৎসা বক্স, টয়লেট ব্যবহার করে হাত সাবান দিয়ে ধৌত করুন) স্থাপনের মাধ্যমে উদ্যোক্তাসহ এলাকার মানুষকে সচেতন করা।

প্রকল্পের শুরুতে সরকারি, বেসরকারি সেবাদানকারি প্রতিষ্টানের কর্মকর্তাদের নিয়ে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলা হল রুমে প্রকল্প অবহিতকরণ সভা আয়োজনকরা হয়।

প্রকল্প অফিস ঃ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)
বাঘাবাড়ী শাখা অফিস, শাহজাদপুর, সিরাজগঞ্জ
যোগাযোগ ঃ
মোঃ আব্দুল মালেক আকন্দ
মোবাঃ ০১৭৬৬-৫৭৫৭২৪
টেলিফোন ঃ ০৭৫১-৬৩৮৭০-৭১ ফ্যাক্স ঃ +৮৮-০৭৫১-৬৩৮৭৭
web:www.ndpbd.org, Email:ndpsep.dairy@gmail.com

সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'র

আওতায় বাস্তবায়নাধীন উপ-প্রকল্প

"বাংলাদেশের যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেস ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনের জন্য পরিবেশগত উন্নয়নের অনুশীলন প্রচার করা প্রকল্প"

পরিবেশগতভাবে টেকসই উদ্যোগের পথে...

সাব সেক্টর : ডেইরী ফার্ম

বাস্তবায়নেঃ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

কারিগরি ও আর্থিক সহযোগিতায়ঃ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

এনডিপি পরিচিতি ঃ

১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় সিরাজগঞ্জের ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর সাহায্যে পরিচালিত ত্রাণ ও পুনর্বাসন প্রক্রিয়ায় নিজেকে সম্পৃক্ত করে জনাব আলাউদ্দিন খান বুঝতে পারেন যমুনা তীরবর্তী ভাগ্য বিড়ম্বিত মানুষের ভাগ্যের উন্নয়নে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা ও কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন। এই উপলব্ধি থেকেই ১৯৯২ সালের ১ জানুয়ারি প্রতিষ্ঠিত হয় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

এনডিপির লক্ষ্য ঃ

পরিবেশগত ভাবে ভারসাম্যপূর্ণ শোষণ ও বৈষম্যহীন একটি দারিদ্রমুক্ত সমাজ যেখানে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল শিশু, নারী ও পুরুষের সম মর্যাদায় সম্মানের সাথে বসবাস করবে, তাদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা ও উপভোগ করবে এবং মূল স্রোতধারায় সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রক্রিয়ায় সরাসরি সম্পৃক্ত থাকবে।

উন্নয়ন ও সেবামূলক কর্মকান্ডসমূহ ঃ

- ❖ সামাজিক উন্নয়ন
- ❖ অর্থনৈতিক উন্নয়ন
- ❖ জীবন যাত্রার মান উন্নয়ন
- ❖ কৃষি ও প্রাণি সম্পদ
- ❖ জ্বালানি ও পরিবেশ
- ❖ দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তন
- ❖ অধিকার ও সুশাসন
- ❖ প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

এসইপি প্রকল্পের প্রারম্ভিক কথা :

ব্যবসাগুচ্ছ-ভিত্তিক ক্ষুদ্র উদ্যোগে পরিবেশের স্থায়ী ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোগের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পিকেএসএফ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহায়তায় বিশ্বব্যাংকের অর্থায়নে "সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)" বাস্তবায়ন করছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হল, ব্যবসাগুচ্ছ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোগ গুলোতে পরিবেশ সম্মত টেকসই চর্চা বৃদ্ধি করার জন্য উপযুক্ত প্রযুক্তির প্রচলন, বিপণন সামর্থ্য বৃদ্ধি ও ব্র্যান্ড তৈরীতে সহযোগিতার পাশাপাশি সক্ষমতা বৃদ্ধি করা। এই প্রকল্পের আওতায় পিকেএসএফ-এর সহযোগী সংস্থা "ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)" "ডেইরী ফার্ম" অর্থনৈতিক কর্মকান্ডে (সাব-সেক্টর) আওতায় সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর ও রায়গঞ্জ উপজেলায় "বাংলাদেশের যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেস ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনের জন্য পরিবেশগত উন্নয়নের অনুশীলন প্রচার করা শীর্ষক একটি উপ-প্রকল্প বাস্তবায়ন করছে।

প্রকল্প পরিচিতি:

প্রকল্পের নাম: সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি'র আওতায় বাস্তবায়নাধীন উপ-প্রকল্প "বাংলাদেশের যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেস ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনের জন্য পরিবেশগত উন্নয়নের অনুশীলন প্রচার করা।



বাস্তবায়নকারী সংস্থা ঃ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সহযোগিতায় ঃ

বিশ্বব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

প্রকল্প মেয়াদ ঃ ২ বছর

২৪ মাস (এপ্রিল ২০২১-মার্চ ২০২৩)

কর্ম এলাকা ঃ সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর ও রায়গঞ্জ উপজেলা।

প্রকল্পের আওতায় উপকার ভোগী (নারী ও পুরুষ) ঃ

- ❖প্রত্যক্ষ উপকার ভোগী ৭৫০ জন
- ❖পরোক্ষ উপকার ভোগী ২২৫০ জন

প্রকল্প উপাদান ২ টি

উপাদান-১ : (ক) ব্যবসাগুচ্ছের অবকাঠামোগত উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ড।

(খ) ক্ষুদ্র-উদ্যোগ সমূহকে পরিবেশ ও মানসম্মত পণ্য ও সেবা উৎপাদনের মাধ্যমে বড় বাজারে প্রবেশের জন্য প্রয়োজনীয়/উপযুক্ত সনদ প্রাপ্তিতে সহায়তা সংক্রান্ত কর্মকান্ড।

(গ) সংস্থার সামর্থ্য বৃদ্ধি ও উপ-প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মকান্ড।

(ঘ) ক্ষুদ্র-উদ্যোগ সমূহের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি সংক্রান্ত কর্মকান্ড।

উপাদান-২ : পরিবেশ বান্ধব ও স্থিতিশীল উদ্যোগ সমূহের জন্য অর্থের যোগান শক্তিশালীকরণ।

প্রকল্প বাজেট ঃ

মোট বাজেট	১০১,৭০০,০০০
অনুদান	১,৩৫,০০,০০০
সাধারণ সেবা ঋণ-এসইপি	৮২,০০,০০০
পরিবেশ বান্ধব ও স্থিতিশীল উদ্যোগসমূহের জন্য অর্থের যোগান শক্তিশালীকরণ	৮০,০০০,০০০

উপাদান-১: সেবাসমূহ উন্নতকরণ ও ব্যবসাগুচ্ছের উন্নয়ন এর আওতায় প্রকল্প কর্মকান্ডসমূহ

আয় বহির্ভূত সাধারণ সেবামূলক কর্মকান্ডসমূহ:

১. গ্রামীণ দুধ সংগ্রহ কেন্দ্র (ভিএমসিসি)
২. পাবনা জাতের গাভীর জন্য পরিবেশবান্ধব বাসস্থান প্রদর্শনী
৩. আধুনিক ও পরিবেশবান্ধব মিষ্টি উৎপাদনকারী দোকান প্রদর্শনী
৪. প্রযুক্তি স্থানান্তর প্রদর্শনী (ছানার পানি থেকে দুগ্ধজাত পণ্য উৎপাদন, প্রাকৃতিক চাষ)

দক্ষতা বৃদ্ধির মাধ্যমে উন্নত বাজারে প্রবেশ ও ব্র্যান্ডিং সংক্রান্ত কর্মকান্ড সমূহ ঃ

* উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধিতে পরিবেশ সনদ সংক্রান্ত প্রশিক্ষণ
* পরিবেশ সনদ প্রাপ্তিতে সংযোগ স্থাপন সংক্রান্ত কর্মশালা
* উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধিতে পণ্য সনদ ও ব্যবসা সনদ সংক্রান্ত প্রশিক্ষণ
* কর্ম এলাকার দুগ্ধজাত পণ্যের সাধারণ ব্র্যান্ডিং
* দুধ, পনির, দই ইত্যাদির গুণমান পরীক্ষা।
* ওয়েবসাইট অ্যাপ ডেভেলপমেন্ট; অনলাইন/ ই মার্কেটিং এবং ব্রান্ডিং (ঘরে তৈরী পনির, দই, ঘি, জৈব-দই, ঘাস খাওয়ানো গরুর দুধের ঘি ইত্যাদি)
* ঘাস খাওয়ানো দেশি গরুর দুধ এবং ক্রস-ব্রীড দুধ, দুধের ক্রিম, উচ্চ মূল্যের পনির উৎপাদন শ্রেডেড, মোজারেলা পনির ইত্যাদি)

প্রকল্প সহযোগী সংস্থার দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ডসমূহ:

* প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান
* পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ
* উপ প্রকল্প ও সংশ্লিষ্ট ক্ষুদ্র ঋণ কর্মসূচির স্টাফদের নিয়ে যৌথ কর্মশালা।
* শিক্ষা সফর

উদ্যোক্তা দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ডসমূহ:

* নিরাপত্তা ও পরিবেশগত স্থায়ীত্বশীল প্র্যাকটিসের বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ
* ব্যবসা উন্নয়ন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ
* পরিবেশগত নীতিসমূহ বাস্তবায়নের উপায় শীর্ষক কর্মশালা
* উৎপাদিত পণ্যের সাধারণ ব্র্যান্ডিং শীর্ষক কর্মশালা
* উপজেলা পর্যায়ে দুগ্ধজাত পণ্যের মেলার আয়োজন
* পরিবেশ বান্ধব দুগ্ধ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।
* এলএসপি (স্থানীয় পরিসেবা প্রদানকারীদের) সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ।
* নিরাপদ দুগ্ধজাত পণ্য-প্রক্রিয়াকরণ এবং অনলাইন বিপণনের উপর প্রশিক্ষণ।
* নিরাপদ দুধ সংগ্রহ, পরিবহণ এবং প্যাকেজিং বিষয়ক প্রশিক্ষণ।
* পরিবেশ ক্লাব গঠন

আয় বর্ধনকারী সাধারণ সেবামূলক কর্মকান্ডসমূহ:

* নিরাপদ দুধের ক্রিম উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিপণন
* বাণিজ্যিক ভার্মি কম্পোস্ট উদ্যোক্তা তৈরী করন
* বাণিজ্যিকভাবে নিরাপদ গরুর খাদ্য, পশুর চিকিৎসা ফার্মেসী, প্যারাভেট সরবরাহের জন্য উদ্যোক্তা তৈরী করণ
* দুগ্ধ পণ্য ব্র্যান্ডের দোকান উন্নয়ন
* পাবনা দুগ্ধ জাতের জন্য মডেল উদ্যোক্তা উন্নয়ন (ঘাস খাওয়ানো গাভীর দুধ, ঘাস খাওয়ানো পনির, মাখন, ঘি, ক্রিম ইত্যাদি উৎপাদনকারী।
* উচ্চ ফলনশীল ঘাসের চারা উৎপাদন
* সাইলেজ ও হে প্রোডাকশন
* আধুনিক যন্ত্রপাতি (দুধ দোহন মেশিন (০৪) ক্রিম পৃথকীকরণ মেশিন (১০) আইসক্রিম তৈরীর মেশিন (০১) ঘরে তৈরী ঘি তৈরির মেশিন (০২) বাড়িতে তৈরী পনির তৈরির মেশিন(০২)